# নেপালের বন্যায় সহায়তার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ বালেন্দ্র শাহর



ছবি: সংগৃহীত

নেপালে ভয়াবহ বন্যার পর বাংলাদেশ সরকারের সহায়তা এবং জাতীয় সংসদে শোক প্রস্তাব গ্রহণের জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন নেপালের প্রধানমন্ত্রী বালেন্দ্র শাহ।

বালেন্দ্র শাহ স্বাক্ষরিত এক চিঠিতে বাংলাদেশের পক্ষ থেকে দেওয়া ১০ লাখ মার্কিন ডলার সহায়তার পাশাপাশি নেপালের বন্যায় প্রাণহানি ও ক্ষয়ক্ষতিতে সহমর্মিতা প্রকাশের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

চিঠিতে তিনি বলেন, ২৬ আগস্ট ২০২৬ নেপালে আকস্মিক বন্যার পর প্রধানমন্ত্রীর সহানুভূতিশীল বার্তার জন্য তিনি কৃতজ্ঞ। ভয়াবহ ওই বন্যায় প্রাণহানির পাশাপাশি ঘরবাড়ি অবকাঠামো ও জীবিকার ব্যাপক ক্ষতি হয়েছে। এর প্রভাব নেপালের বিভিন্ন জনগোষ্ঠী ও সম্প্রদায়ের ওপর দীর্ঘস্থায়ী হয়েছে।

বালেন্দ্র শাহ আরও বলেন, সংকটের এই সময়ে চলমান ত্রাণ ও মানবিক কার্যক্রমে সহযোগিতার জন্য বাংলাদেশ যে ১০ লাখ মার্কিন ডলার দিয়েছে তা নেপালের জন্য গুরুত্বপূর্ণ সহায়তা। বন্যার ক্ষতি কাটিয়ে উঠে ক্ষতিগ্রস্ত মানুষকে নতুন করে জীবন গড়ে তুলতে এই সহযোগিতা ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাংলাদেশের জাতীয় সংসদে নেপালের বন্যায় শোক প্রস্তাব গ্রহণের বিষয়টিও চিঠিতে উল্লেখ করেন নেপালের প্রধানমন্ত্রী। তিনি বলেন, বাংলাদেশের সংসদে নেওয়া এই উদ্যোগ নেপালের জনগণের প্রতি বাংলাদেশের মানুষের আন্তরিক সহমর্মিতা ও সংহতির প্রকাশ।

চিঠিতে বালেন্দ্র শাহ বলেন, নেপাল বাংলাদেশকে শুধু ঘনিষ্ঠ প্রতিবেশী হিসেবে দেখে না। দুই দেশের মধ্যে শক্তিশালী জনগণ-থেকে-জনগণ সম্পর্ক রয়েছে এবং বাংলাদেশকে নেপালের একজন ঘনিষ্ঠ বন্ধু হিসেবে বিবেচনা করে দেশটি।

প্রতিকূল পরিস্থিতিতে বাংলাদেশের সহমর্মিতা ও সহযোগিতা নেপালের জনগণকে গভীরভাবে স্পর্শ করেছে উল্লেখ করে তিনি বলেন, বাংলাদেশের এই সহযোগিতা নেপালের মানুষের হৃদয়ে দীর্ঘদিন স্মরণীয় হয়ে থাকবে।